ইত্তেফাক

তারিখ ৩১।১।৮২
পৃষ্ঠা ... কলাম ...

064

## মাননীয় শিক্ষামন্ত্রী সমীপে

আমার পিতা জনাব আবদুর রশিদ বগুড়া জেলার আক্কেলপুর থানার অন্তর্গত গোহনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ছিলেন। বিগত ১৫ই আগষ্ট, ১৯৮১ তারিখে হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় তিনি অকালে মৃত্যুবরণ করেন। তাঁর এই অভাবনীয় মৃত্যুতে গোটা পরিবার চরম বিপদে পতিত হয়। কেননা তিনিই ছিলেন পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তি। অল্প জমিজমা আর মাসিক মাহিনা দিয়া তিনি আমাদের চারজন ভাই-বোনের লেখাপড়ার খরচ চালাইতেন। এমন কি মৃত্যুকালে তিনি কাফনের কাপড়ের সম্পূর্ণ টাকা রাখিয়া যাইতে পারেন নাই। পিতার এই আকস্মিক মৃত্যুতে আমাদের বড় ভাই এম, এ, পড়া পরিত্যাগ করিয়া পিতার চাকুরী ফিরিয়া পাওয়ার জন্য অনেক আবেদন-নিবেদন করেন। শেষ পর্যন্ত ব্যর্থ হইয়া অন্য যে কোন একটি চাকুরীর জন্য দিনের পর দিন পথে পথে ঘুরিতেছেন।